

# কারমাইকেল কলেজে ২১ দফা দাবিতে শাটডাউন ঘোষণা, শিক্ষার্থীদের রেল ও সড়কপথ অবরোধ

আল মাহমুদ আসাদ, কন্ট্রিবিউটিং রিপোর্টার,  
কারমাইকেল কলেজ, রংপুর।

প্রকাশিত: ২২:১৯, ২২ জুন ২০২৫; আপডেট: ২২:২০, ২২ জুন  
২০২৫



রংপুরের কারমাইকেল কলেজে শিক্ষার্থীরা ২১ দফা দাবিতে শাটডাউন ঘোষণা করে কলেজ অধ্যক্ষের কক্ষ ও প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দিয়েছেন।

তাদের দাবিগুলোর মধ্যে উল্লেখযোগ্য—উন্নয়ন বরাদ্দ বৃদ্ধি, আবাসন সংকট নিরসনে নতুন হল নির্মাণ, ফিটনেসবিহীন বাসের পরিবর্তে নতুন বাস সংযোজন, একাডেমিক ভবন ও অডিটোরিয়াম নির্মাণ, স্মার্ট ক্লাসরুম স্থাপন, দৃষ্টিনন্দন মূল ফটক নির্মাণ এবং অভ্যন্তরীণ রাস্তাঘাট পাকাকরণ।

রোববার দুপুরে কলেজ চতুর থেকে মিছিল বের করে শিক্ষার্থীরা রংপুর শহরের লালবাগ এলাকায় এসে প্রায় পাঁচ ঘণ্টা রেল ও সড়কপথ অবরোধ করে রাখেন। এতে ট্রেন চলাচল এবং যানবাহন চলায় চরম ভোগান্তির সৃষ্টি হয়।

পরে সেনাবাহিনী, পুলিশের উর্ধ্বর্তন কর্মকর্তাবৃন্দ, রংপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ) এবং কলেজের অধ্যক্ষ শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করেন। আলোচনায় প্রশাসনের পক্ষ থেকে দাবিগুলো

পূরণের আশ্বাস দেওয়া হলে শিক্ষার্থীরা সাময়িক অবরোধ প্রত্যাহার করেন।

তবে শিক্ষার্থীরা জানান, তারা শিক্ষা উপদেষ্টা এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সরাসরি আশ্বাস না পাওয়া পর্যন্ত কলেজের সকল শিক্ষা কার্যক্রম বন্ধ রাখবেন। একই সঙ্গে তারা ২৪ ঘণ্টার আল্টিমেটাম দিয়ে দাবি আদায়ের জন্য কর্তৃপক্ষকে সময় বেঁধে দেন।